

AD DEEN IDEAL SCHOOL  
আদ দ্বীন আইডিয়াল স্কুল

পরিচিতি  
PROSPECTUS



AD DEEN IDEAL SCHOOL  
আদ দ্বীন আইডিয়াল স্কুল

মিনাবাজার, উলিপুর, কুড়িগ্রাম। মোবাইলঃ ০১৭৩৬-০২০৭৩২

# আদ-দ্বীন আইডিয়াল স্কুল- কী ও কেন ?

চতুর্থ শিল্পবিপ্লবের এই যুগে দ্রুত বদলে যাচ্ছে আমাদের কর্মক্ষেত্র, শিল্প, সাহিত্য, সমাজ ও সংস্কৃতি। প্রযুক্তি ও উদ্ভাবনের এই দৌড়ে পরিবর্তিত হচ্ছে চিন্তা-চেতনা, জীবনধারা ও শিক্ষার পদ্ধতিও। কিন্তু এই অগ্রগতির অন্ধ শ্রোতে হারিয়ে যাচ্ছে নৈতিকতা, মূল্যবোধ ও পারিবারিক বন্ধন।

এই বাস্তবতায় প্রয়োজন এমন এক শিক্ষা ব্যবস্থা, যা আধুনিক জ্ঞানের সঙ্গে যুক্ত হবে নৈতিকতা, চরিত্র গঠন ও আল্লাহভীতির আদর্শে। সেই সুস্পষ্ট ভিশন নিয়েই প্রতিষ্ঠিত আদ-দ্বীন আইডিয়াল স্কুল। খ্যাতনামা ইসলামিক স্কুলার ও অভিজ্ঞ শিক্ষাবিদদের দিকনির্দেশনায় গড়ে ওঠা একটি শিশু-বান্ধব, নৈতিকতাভিত্তিক ও যুগোপযোগী শিক্ষা প্রতিষ্ঠান।

ইসলামী আদর্শ ও আধুনিক শিক্ষার সমন্বয়ে “আদ-দ্বীন আইডিয়াল স্কুল” প্রতিশ্রুতিবদ্ধ- একটি প্রজন্ম গড়ে তুলতে যারা হবে আখলাকে পরিপূর্ণ, আধুনিক জ্ঞান-বিজ্ঞানে সমৃদ্ধ, দেশপ্রেমিক ও আল্লাহভীরু নাগরিক।



## আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য:

প্রযুক্তি নির্ভর যুগে আদ-দ্বীন আইডিয়াল স্কুলের লক্ষ্য হলো এমন একটি শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা, যেখানে ইসলামী আদর্শ ও আধুনিক জ্ঞান-বিজ্ঞানের সমন্বয়ে শিক্ষার্থীরা হবে আখলাকে পরিপূর্ণ, আল্লাহভীরু, দেশপ্রেমিক ও দায়িত্বশীল নাগরিক। আমাদের উদ্দেশ্য হলো নৈতিকতা, শৃঙ্খলা ও মানবিক মূল্যবোধের আলোকে একটি দক্ষ ও চরিত্রবান প্রজন্ম তৈরি করা, যারা আগামী দিনের জ্ঞানভিত্তিক সমাজে নেতৃত্ব দেবে সততা ও আদর্শের ভিত্তিতে।



## ছাত্র-ছাত্রীদের বয়স ভিত্তিক শ্রেণি নির্ধারণ

বয়স	শ্রেণি
৪+	প্লে
৫+	নার্সারি
৬+	জুনিয়র ওয়ান
৭+	প্রথম
৮+	দ্বিতীয়
৯+	তৃতীয়

## আমাদের পরিকল্পনা ও কার্যক্রমঃ

- বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় ইসলামি ভাবধারার উপর প্রতিষ্ঠিত যুগ উপযোগী ইংলিশ ভার্সন পাঠ্যক্রম ।
- বিষয়ভিত্তিক আধুনিক শিক্ষা উপকরণে সুপ্রশিক্ষিত দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক মন্ডলি ।
- মাল্টিমিডিয়া সহ আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধ শ্রেণিকক্ষ ।
- প্রতিটি শ্রেণিতে সর্বোচ্চ ২৫ জন শিক্ষার্থী, যাতে প্রত্যেক শিশু পায় পর্যাপ্ত যত্ন ও মনোযোগ ।
- অনাবাসিক ও ফুলটাইম কেয়ার সিস্টেম প্লে গ্রুপ থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত পাঠদান; ধাপে ধাপে দশম শ্রেণি পর্যন্ত সম্প্রসারণ (ইনশাআল্লাহ) ।

- বাংলা, ইংরেজি ও আরবি ভাষায় বিশুদ্ধ উচ্চারণ ও উপস্থাপন দক্ষতা উৎকর্ষ সাধনে সহায়ক ভূমিকা রাখা।
- আউটডোর প্র্যাকটিক্যাল ক্লাস, যাতে শিশু ভয় ও সংকোচ কাটিয়ে আত্মবিশ্বাসী হয়।
- সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম হিসেবে জীবন ও জীবিকামুখী শিক্ষা।
- অতিরিক্ত পাঠ্যক্রমিক কার্যক্রম হিসেবে শিক্ষার্থীদের বিভিন্ন ক্লাব কার্যক্রম (বিতর্ক ক্লাব, বিজ্ঞান ক্লাব, লেখক ক্লাব, রিডার্স ক্লাব, গণিত ক্লাব, ইসলামিক ক্যালচারাল ক্লাব, ক্যালিগ্রাফি ক্লাব, ফটোগ্রাফি ক্লাব) পরিচালনা।
- শিক্ষার্থীদের মধ্যে সহযোগিতা ও উদ্ভাবনী মনোভাবকে উৎসাহিত করতে বিভিন্ন অলিম্পিয়াদের (গণিত, বিজ্ঞান, সিরাত, আখলাক) আয়োজন করা।
- পবিত্র কুরআনের বিশুদ্ধ তিলাওয়াত শিক্ষা ও মেধাবীদের জন্য একাডেমিক হিফজুল কুরআন কার্যক্রম পরিচালনা।
- সুন্দর, স্পষ্ট ও দ্রুত হাতের লেখা প্রশিক্ষণ।
- পরিচ্ছন্ন, দৃষ্টিনন্দন ও নিরাপদ স্কুল ক্যাম্পাস।
- সার্বক্ষণিক সিসি ক্যামেরা পর্যবেক্ষণ।
- শিক্ষার্থীদের নিরাপদ চলাচলের জন্য নিজস্ব পরিবহন ব্যবস্থা।
- শিখন কার্যক্রমে অভিভাবকগণের তদারকি নিশ্চিত করতে নিয়মিত শিক্ষক-অভিভাবক সমাবেশের আয়োজন।

## আমাদের অঙ্গীকার

আপনার প্রিয় সন্তান আমাদের জন্য পবিত্র আমানত। প্রতিটি শিশু একটি সম্ভাবনা; সঠিক শিক্ষা ও স্নেহময় পরিবেশই পারে তাকে আলোকিত মানুষে পরিণত করতে। তাই আপনার সন্তানের মেধা, মনন ও নৈতিকতা বিকাশে সঠিক শিক্ষাপথ বেছে নিতে একবার ঘুরে দেখুন আমাদের আদ-দ্বীন আইডিয়াল স্কুল ক্যাম্পাস। আমরা অপেক্ষায় আছি আপনার সন্তানের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ার পবিত্র যাত্রায় আপনাকে সঙ্গ দিতে।

ভর্তি ফরম সংগ্রহ ও  
বিস্তারিত তথ্যের জন্য  
যোগাযোগ করুন

**আদ দ্বীন আইডিয়াল স্কুল**  
মিনাবাজার, উলিপুর, কুড়িগ্রাম  
মোবাইল : ০১৭৩৬-০২০৭৩২